**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 10/3/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# 5 মিলিয়ন ডলারের ইস্ট সাইড বাণিজ্যিক ভবন স্থিতিশীলকরণ তহবিলের জন্য আবেদনের সুযোগ উন্মুক্ত হয়েছে বলে গভর্নর হোকলের ঘোষণা

## *এই তহবিল ঝুঁকিতে থাকা ভবনগুলোকে বাণিজ্যিক ব্যবহার ও পুনঃউন্নয়নের জন্য স্থিতিশীল করবে*

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে বাফেলোতে 5 মিলিয়ন ডলারের ইস্ট সাইড বাণিজ্যিক ভবন স্থিতিশীলকরণ তহবিলের (East Side Commercial Building Stabilization Fund) দ্বিতীয় রাউন্ডে আবেদনের সুযোগ উন্মুক্ত হয়েছে। এই তহবিল পূর্ব বাফেলোর কমিউনিটির কাঠামো বজায় রাখতে সাহায্য করছে, চ্যালেঞ্জের সম্মুখীন হওয়া ভবনগুলো যাতে ভবিষ্যতের সম্ভাব্য ব্যবহারের জন্য রক্ষণাবেক্ষণ করা হয় তা নিশ্চিত করছে, পর্যায়ক্রমে ঐতিহাসিক ভবনগুলো ভেঙ্গে ফেলার এক দশক ধরে চলে আসা রীতি পাল্টে দিচ্ছে। প্রিজারভেশন বাফেলো নায়াগ্রা (Preservation Buffalo Niagara) কর্তৃক পরিচালিত এই কর্মসূচির জন্য আবেদন করার শেষ সময় 3 ডিসেম্বর, 2022 এবং এখান থেকে আবেদন করা যাবে।

"এই তহবিলের মাধ্যমে, আমরা পূর্ব বাফেলোতে কয়েক দশক ধরে চলে আসা অবহেলা মোকাবেলা করা এবং এই কমিউনিটির জন্য সঠিক কাজটি করার ব্যাপারে আমাদের অঙ্গীকারাবদ্ধতা পূরণ করছি," **বলেছেন গভর্নর হোকল।** "ইস্ট সাইড বাণিজ্যিক ভবন স্থিতিশীলকরণ তহবিল এই এলাকার পুনরুদ্ধারের জন্য ঐতিহাসিক ভবনগুলোর অতি প্রয়োজনীয় সংস্কার সম্পন্ন করার সুযোগ করে দেবে এবং এই কমিউনিটিতে বাণিজ্যিক কার্যক্রমের ব্যস্ততা ফিরিয়ে নিয়ে আসবে। আমি ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে আবেদন করার জন্য এবং পূর্ব বাফেলোর পুনরুজ্জীবিতকরণে অংশ নেওয়ার জন্য উৎসাহিত করছি।"

এই বাড়তি রাউন্ড ভবিষ্যতে জরুরি ভিত্তিতে ভেঙ্গে ফেলার ঝুঁকিতে রয়েছে, পুরোপুরি সংস্কার বা পুনর্বাসন প্রচেষ্টা মুলতবি রয়েছে এমন পুরোনো বাণিজ্যিক ভবনগুলো স্থিতিশীল করার জন্য 90 শতাংশ ব্যয় বহন করতে সর্বোচ্চ 150,000 ডলার পর্যন্ত অনুদান প্রদান করবে। সম্পত্তির মালিকদের জন্য প্রকল্পের মোট খরচের 10 শতাংশ ব্যয় বহন করা আবশ্যক হবে। এটি পূর্ব বাফেলোর অনন্য ইতিহাস, চরিত্র, এবং এটির স্থাপত্য ও শহুরে নকশায় স্থানের অনুভূতি সংরক্ষণ করবে, এবং এছাড়াও এধরনের ভবনগুলোতে ক্ষুদ্র ব্যবসা গড়ে উঠার ভবিষ্যত সুযোগ

সংরক্ষণ করবে, যা নতুন ভবন নির্মাণ করার চেয়ে বিদ্যমান কাঠামোতে করাটা উল্লেখযোগ্যভাবে বেশি উপযোগী।

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development)-এর প্রেসিডেন্ট, CEO ও কমিশনার হোপ নাইট বলেন,** "ইস্ট সাইড বাণিজ্যিক ভবন স্থিতিশীলকরণ তহবিল পূর্ব বাফেলোর ভৌত কাঠামো যাতে এটির অধিবাসীদের কমিউনিটি চেতনার মতো সমানভাবে শক্তিশালী থাকে সে বিষয়টি নিশ্চিত করতে সাহায্য করে। এই এলাকার কাঠামোগুলোর পর্যাপ্ত সহায়তা ও রক্ষণাবেক্ষণের ব্যবস্থা করা বাণিজ্যিক ডিস্ট্রিক্টগুলোর পুনরুজ্জীবিতকরণের দিকে নিয়ে যেতে পারে, উন্নয়নের গতি বৃদ্ধি করতে পারে এবং স্থানীয় অর্থনীতিকে শক্তিশালী করতে পারে।"

**প্রিজারভেশন বাফেলো নায়াগ্রা-এর এক্সিকিউটিভ ডিরেক্টর জেসি ফিশার বলেন**, "আমরা জানি যে আমাদের পুরোনো বাণিজ্যিক ভবনগুলোতে বিনিয়োগ করা এলাকার যেকোনো সফল পুনর্বাসন কৌশলের অংশ। বাফেলোর পূর্ব অংশে এই বিনিয়োগ করার জন্য আমরা নিউ ইয়র্ক স্টেটের প্রতি অত্যন্ত কৃতজ্ঞ।"

2021 সালে শুরুর রাউন্ডে 500,000 ডলার প্রদান করা হয়েছিল, যার ফলে ভবিষ্যত রাউন্ডগুলোর জন্য 4.5 মিলিয়ন ডলার থেকে গিয়েছিল।

এই কর্মসূচি 50 বছরেরও বেশি সময় আগে নির্মিত হয়েছিল এবং কর্মসূচির নির্দেশনাতে উল্লেখ করা কর্মসূচির বাড়তি শর্তসমূহ পূরণ করে এমন বাণিজ্যিক ও মিশ্র-ব্যবহারের কাঠামোগুলোর মালিকদের জন্য উন্মুক্ত রয়েছে। কাঠামোগুলো অবশ্যই পূর্ব বাফেলোতে অবস্থিত হতে হবে যেখানে বাণিজ্যিক করিডরগুলো সংলগ্ন ভবনগুলোকে বিশেষ করে স্টেটের 65 মিলিয়ন ডলারের ইস্ট সাইড করিডোরস ইকোনোমিক ডেভেলপমেন্ট ফান্ড (East Side Corridors Economic Development Fund, ESCEDF)-এর টার্গেটকৃত বিনিয়োগের এলাকায়—মিশিগান, জেফারসন, ফিলমোর ও বেইলি এভিনিউতে—অবস্থিত ভবনগুলোকে অগ্রাধিকার দেওয়া হবে। এই কর্মসূচি সম্পর্কে আরো তথ্য জানতে আগ্রহী সম্পত্তির মালিকরা বুধবার, 19 অক্টোবর সন্ধ্যা 6টার সময় একটি ভার্চুয়াল তথ্য অধিবেশনে উপস্থিত থাকতে পারেন এবং এতে উপস্থিত থাকার জন্য এখানে নিবন্ধন করতে পারেন। সম্পূর্ণ কর্মসূচির নির্দেশনা এবং আবেদনপত্র এখানে পাওয়া যাবে।

**স্টেট সিনেটর টিম কেনেডি বলেন**, "ইস্ট সাইড বাণিজ্যিক ভবন স্থিতিশীলকরণ তহবিল থেকে অনুদানের এই বাড়তি রাউন্ড আমাদের শহরজুড়ে ঐতিহাসিক ভবনগুলোর সংরক্ষণ ও পুনর্বাসনের সুযোগগুলো উন্মুক্ত করা অব্যাহত রাখবে। পূর্ব বাফেলোতে বিনিয়োগে আগ্রহী ব্যবসায়ের মালিক ও স্বতন্ত্র ব্যক্তিদেরকে আমি আবেদন প্রক্রিয়ায় অংশ নেওয়ার জন্য এবং পুরোনো মহিমা পুনরুদ্ধারের জন্য অপেক্ষমান নিজস্ব বৈশিষ্ট্য বহনকারী বাণিজ্যিক ভবনগুলোর সম্ভাবনা অন্বেষণের জন্য জোরালোভাবে উৎসাহিত করছি।"

**অ্যাসেম্বলি সদস্য ক্রিস্টাল পিপলস-স্টোকস বলেন**, "ইস্ট সাইড বাণিজ্যিক ভবন স্থিতিশীলকরণ তহবিলের দ্বিতীয় একটি রাউন্ড বাস্তবায়ন করায় আমি গভর্নর হোকল এবং

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টকে ধন্যবাদ জানাতে চাই। বাফেলো একটি পুরোনো শহর যেখানে আমরা কয়েক বছর ধরে অবহেলার কারণে অনেকগুলো ঐতিহাসিক কাঠামো হারিয়ে ফেলেছি, যেগুলো এখনো দাঁড়িয়ে আছে সেগুলোর প্রতি মনোযোগ দেওয়া এবং বিনিয়োগ করা প্রয়োজন, এবং এই কর্মসূচি ভবনগুলো এবং সেগুলোর সংশ্লিষ্ট এলাকা স্থিতিশীল করার জন্য একটি কর্মপদ্ধতি প্রদান করছে।"

**বাফেলোর মেয়র বাইরন ডব্লিউ. ব্রাউন বলেন,** "পূর্ব বাফেলোতে আমাদের পুনরুদ্ধার এবং আগের চেয়ে শক্তিশালী হয়ে গড়ে তোলা অব্যাহত রাখার এই সময়ে, আমাদের আশেপাশের এলাকার স্বাস্থ্য ও সুস্থতার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালনকারী এই অতি গুরুত্বপূর্ণ তহবিল সম্পর্কে অধিবাসীদের জানানো গুরুত্বপূর্ণ। এসব তহবিল ঝুঁকিতে থাকা ভবনগুলোকে বাণিজ্যিক ব্যবহার ও পুনঃউন্নয়নের জন্য অধিকতর স্থিতিশীল করতে সাহায্য করবে। পূর্ব বাফেলোতে এই অব্যাহত বিনিয়োগের জন্য আমরা নিউ ইয়র্ক স্টেটের প্রতি অত্যন্ত কৃতজ্ঞ, এবং আমি আবেদনকারীদেরকে 3 ডিসেম্বর তারিখে আবেদনের সময় শেষ হয়ে যাওয়ার আগে এই দ্বিতীয় রাউন্ডের অনুদানের জন্য আবেদন করতে উৎসাহিত করছি।"

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে**

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট নিউ ইয়র্কের মুখ্য অর্থনৈতিক উন্নয়ন এজেন্সি। ESD এর মিশন হচ্ছে একটি উন্নত এবং ক্রমবর্ধমান অর্থনীতি প্রতিষ্ঠা করা, নতুন কর্মসংস্থান এবং অর্থনৈতিক সুযোগের তৈরিকরণ উৎসাহিত করা, স্টেট এবং তার মিউনিসিপ্যালিটিস রাজস্ব বৃদ্ধি করা এবং স্থিতিশীল ও বৈচিত্র্যময় স্থানীয় অর্থনীতি অর্জন করা। ঋণ, অনুদান, ট্যাক্স ক্রেডিট এবং অন্যান্য ধরনের অর্থনৈতিক সহায়তা ব্যবহারের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটে কর্মসংস্থান সৃষ্টি শুরু করা এবং উন্নত কমিউনিটিকে সহায়তা করার জন্য ESD ব্যক্তিগত ব্যবসায় বিনিয়োগ বৃদ্ধি করার প্রচেষ্টা চালাচ্ছে। এছাড়াও ESD হলো গভর্নরের আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিলগুলোর এবং স্টেটের আইকনিক পর্যটন ব্র্যান্ড "আই লাভ NY" ("I Love NY") এর বিপণনের তত্ত্বাবধানকারী প্রধান প্রশাসনিক সংস্থা। আঞ্চলিক কাউন্সিল এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে www.regionalcouncils.ny.gov এবং www.esd.ny.gov দেখুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418